২০

ভোরের কাগজ

DEC. 27 1999
পৃঃ ১২ কঃ ৩

# সরকারি স্কুলে ভর্তি পরীক্ষা শুরু
# তদবিরে মন্ত্রণালয়ের মানা

কাগজ প্রতিবেদক : রাজধানীর সরকারি স্কুলগুলোতে ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। প্রথমদিনে গতকাল রোববার ৮টি স্কুলে পরীক্ষা অনুষ্ঠিত হয়। আজ এবং আগামীকাল বাকি ১৬টি স্কুলে পরীক্ষা নেওয়া হবে। এ বছর রাজধানীর ২৪টি সরকারি স্কুলে ৭ হাজারের মতো শূণ্য আসনে প্রায় ৩৫ হাজার ছাত্রছাত্রী পরীক্ষা দিচ্ছে।

এদিকে নামী-দামি সরকারি স্কুলগুলোতে ভর্তির ক্ষেত্রে তদবির ও চাপ এড়াতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে স্কুল কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে। ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশে স্বচ্ছতা নিশ্চিত করার জন্যও স্কুলগুলোকে বলা হয়েছে। প্রতি স্কুলে ৫ সদস্যের একটি কমিটির মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর ভর্তি পরীক্ষা তদারকি করছে।

গতকাল গভঃ ল্যাবরেটরি হাইস্কুল, মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়, নিউ গভঃ গার্লস হাইস্কুল, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয় এবং মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

ভর্তি পরীক্ষা চলাকালে গতকাল গভঃ ল্যাবরেটরি স্কুলে হাজার পাঁচেক অভিভাবককে উদ্বেগ-উৎকণ্ঠার মধ্যে কাটাতে হয়। তবে স্কুল কর্তৃপক্ষের আগেভাগে গ্রহণ করা ব্যবস্থার কারণে গতবারের মতো অস্বস্তিকর পরিস্থিতির সৃষ্টি হয়নি। গভঃ ল্যাবরেটরি স্কুলের বিশেষ সুনামের কারণে নগরীর অন্যান্য সরকারি স্কুলের চেয়ে প্রথম শ্রেণীতে ভর্তি চাপ প্রতিবছরই এই স্কুলে বেশি থাকে।

এ বছরও স্কুলটিতে প্রথম শ্রেণীর ২৪০টি শূন্য আসনে প্রায় ২ হাজার ২০০ ছাত্র পরীক্ষা দেয়। ক্লাসরুমে জায়গা না হওয়ায় স্কুলের বারান্দায় শত শত শিশুর পরীক্ষা নেওয়া হয়। সুবিধার জন্য ছাত্রদের বিভিন্ন ইউনিটে ভাগ করা হয়। অভিভাবকদের জন্যও ইউনিট অনুযায়ী আলাদা আলাদা স্থানে অপেক্ষা করার ব্যবস্থা রাখা হয়।

দুপুর ১২টায় প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষা শেষে স্কুলের শিক্ষকরা পুলিশের সহযোগিতায় এক একটি ইউনিটের ছাত্রদের অভিভাবকদের কাছাকাছি নিয়ে আসেন। বাঁশ দিয়ে ঘেরা স্থান থেকে সন্তানদের শনাক্ত করার পর অভিভাবকদের কাছে ফিরিয়ে দেওয়া হয়। এ ব্যবস্থায় সন্তানকে ফিরে পেতে অনেক অভিভাবককে ২-৩ ঘণ্টা পর্যন্ত অপেক্ষা করতে হয়। দায়িত্বহীন কিছু অভিভাবককে না পেয়ে জীবনের প্রথম পরীক্ষা দিতে আসা অনেক শিশুকেই মাঠের এক প্রান্তে বসে কান্নাকাটি করতে দেখা যায়।

আজ সোমবার মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা গভঃ মুসলিম হাইস্কুল, বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, সরকারি বিজ্ঞান কলেজ (স্কুল শাখা), ধানমন্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এবং আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।